# BCS প্রিলি. লেকচার শিট আন্তর্জাতিক বিষয়াবলি

লেকচার ১৪


## Lecture Contents

- আঞ্চলিক/আন্তর্জাতিক সংস্থা/জোট: SAARC, ASEAN, OIC, NAM, Arab League, GCC, BIMSTEC, Commonwealth etc.

## আঞ্চলিক/আন্তর্জাতিক সংস্থা/জোট

### SAARC

দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা বা সার্ক হচ্ছে দক্ষিণ এশিয়ার ৮টি দেশের সমন্বয়ে গঠিত সহযোগিতা সংস্থা। দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে বিরাজমান পারস্পরিক সন্দেহ ও সংশয় দূর করে আস্থা ও বিশ্বাস সৃষ্টি করতেই সার্কের গঠনকে ত্বরান্বিত করা হয়। ১৯৮৫ সালের মার্চ মাসে ভুটানের রাজধানী থিম্পুতে পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় যে, ১৯৮৫ সালের ডিসেম্বর মাসে ঢাকায় রাষ্ট্রপ্রধানের শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে এবং এ সম্মেলনের মধ্য দিয়েই সার্কের জন্ম হয়।



সার্কভুক্ত দেশসমূহ

#### গুরুত্বপূর্ণ তথ্য

১. পূর্ণরূপ ⇨ South Asian Association for Regional Co-operation.
২. গঠিত হয় ⇨ ১৯৮৫ সালে।
৩. প্রধান উদ্যোক্তা ⇨ প্রেসিডেন্ট জিয়াউর রহমান।
৪. সার্কের সদর দপ্তর অবস্থিত- কাঠমান্ডু, নেপাল।
৫. সর্বশেষ সদস্য ⇨ আফগানিস্তান। (২০০৭)
৬. প্রথম চেয়ারম্যান ⇨ হুসেইন মুহাম্মদ এরশাদ।
৭. প্রথম মহাসচিব ⇨ আবুল আহসান (বাংলাদেশ)।
৮. প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয় ⇨ ১৯৮৫ সালে ঢাকায়।
৯. সার্ক বিশ্ববিদ্যালয় অবস্থিত ⇨ভারতের নয়াদিল্লিতে।
১০. প্রথম নারী মহাসচিব ⇨ফাতিমা দিয়ানা সাঈদ।
১১. মহাসচিব নির্বাচিত হয় ⇨৩ বছরের জন্য।
১২. সার্কভুক্ত যে দেশটির সাথে বাংলাদেশের কোন বাণিজ্য নেই ⇨ মালদ্বীপ।
১৩. সার্কভুক্ত যে দেশের আয়তন প্রায় বাংলাদেশের সমান ⇨ নেপাল।
১৪. SAARC এর অন্তর্ভুক্ত স্থলবেষ্টিত রাষ্ট্র ⇨ ৩টি (আফগানিস্তান, নেপাল, ভুটান)
১৫. SAARC এর সদস্য দেশ ⇨৮টি। বাংলাদেশ, পাকিস্তান, নেপাল, মালদ্বীপ, ভারত, শ্রীলংকা, আফগানিস্তান এবং ভুটান।

#### সার্কের মহাসচিব

| নং. | নাম | দেশ | সময়কাল |
|---|---|---|---|
| ১ | আবুল আহসান | বাংলাদেশ | ১৬ জানুয়ারি, ১৯৮৫–১৫ অক্টোবর, ১৯৮৯ |
| ১৪ | এসালা ওয়েরাকুন | শ্রীলংকা | ১ মার্চ, ২০২০-৩১ আগস্ট, ২০২৩ |
| ১৫ | গোলাম সারওয়ার | বাংলাদেশ | ২৫ অক্টোবর, ২০২৩-বর্তমান |

#### সার্কের আঞ্চলিক কেন্দ্রসমূহ

| কেন্দ্রের নাম | সংক্ষিপ্ত নাম | সদর দপ্তর | প্রতিষ্ঠাকাল |
|---|---|---|---|
| সার্ক কৃষি কেন্দ্র | SAC | ঢাকা, বাংলাদেশ | ১৯৮৮ |
| সার্ক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র | SHRDC | ইসলামাবাদ, পাকিস্তান | - |
| সার্ক যক্ষ্মা ও এইচআইভি/ এইডস কেন্দ্র | STAC | কাঠমান্ডু, নেপাল | ১৯৯২ |
| সার্ক ডকুমেন্টেশন সেন্টার | SDC | নয়াদিল্লি, ভারত | ১৯৯৪ |
| সার্ক আবহাওয়া গবেষণা কেন্দ্র | SMRC | ঢাকা, বাংলাদেশ | ১৯৯৫ |

| কেন্দ্রের নাম | সংক্ষিপ্ত নাম | সদর দপ্তর | প্রতিষ্ঠাকাল |
|---|---|---|---|
| সার্ক উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনা কেন্দ্র | SCZMC | মালদ্বীপ | ২৫ জুন, ২০০৫ |
| সার্ক তথ্য কেন্দ্র | SIC | নেপাল, কাঠমান্ডু | - |
| সার্ক জ্বালানি কেন্দ্র অবস্থিত | SEC | পাকিস্তান | ২০০৬ |
| সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র | SDMC | গুজরাট, ভারত | ২০০৬ |
| সার্ক বন কেন্দ্র | SFC | থিম্পু, ভুটান | ২০০৮ |
| সার্ক সাংস্কৃতিক কেন্দ্র | SCC | কলম্বো, শ্রীলঙ্কা | ২০০৯ |
| সার্ক আবহাওয়া অফিস | | ঢাকার আগারগাঁওয়ে | - |

## সার্কের গুরুত্বপূর্ণ কিছু চুক্তি

| চুক্তি ও কনভেনশনের নাম | স্বাক্ষর স্থান | স্বাক্ষরকাল |
|---|---|---|
| South Asian Preferential Trade Arrangement (SAPTA) | ঢাকা, বাংলাদেশ | ১১ এপ্রিল, ১৯৯৩ কার্যকর- ৮ ডিসেম্বর, ১৯৯৫ |
| South Asian Free Trade Area (SAFTA) | ইসলামাবাদ, পাকিস্তান | ৬ জানুয়ারি, ২০০৪ কার্যকর- ১ জুলাই, ২০০৬ |
| সার্ক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা সংক্রান্ত চুক্তি, দক্ষিণ এশীয় খাদ্য ব্যাংক প্রতিষ্ঠা সংক্রান্ত চুক্তি | নয়াদিল্লি, ভারত | ১ এপ্রিল, ২০০৭ |
| সার্ক উন্নয়ন তহবিল (SDF) গঠন | কলম্বো, শ্রীলঙ্কা | ৩ আগস্ট, ২০০৮ |
| সার্ক বীজ ব্যাংক গঠন, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় দ্রুত সাড়া, সার্ক প্যাকেজিং নিশ্চিতকরণ এবং সার্ক আঞ্চলিক মান সংক্রান্ত চুক্তি | আদ্দু, মালদ্বীপ | ১১ নভেম্বর, ২০১১ |

## সার্ক ঘোষিত দিবস

| | | | |
|---|---|---|---|
| ২৪ সেপ্টেম্বর | মীনা দিবস | ৮ ডিসেম্বর | সার্ক চার্টার দিবস |

## সার্ক ঘোষিত বর্ষ

| | | | |
|---|---|---|---|
| ১৯৯০ | সার্ক কন্যাশিশু বর্ষ | ১৯৯৬ | সার্ক সাক্ষরতা বর্ষ |
| ১৯৯১ | সার্ক আবাস বর্ষ | ১৯৯৭ | সার্ক প্রতিনিধিমূলক প্রশাসন বর্ষ |
| ১৯৯২ | সার্ক পরিবেশ বর্ষ | ১৯৯৯ | সার্ক জীববৈচিত্র্য বর্ষ |
| ১৯৯৩ | সার্ক প্রতিবন্ধী বর্ষ | ২০০৪ | এইচআইভি/এইডস সচেতনতা বর্ষ |
| ১৯৯৫ | সার্ক দারিদ্র্য দূরীকরণ বর্ষ | ২০০৬ | সাউথ এশিয়া ট্যুরিজম ইয়ার |

## সার্ক দশক

| | | | |
|---|---|---|---|
| ১৯৯১-২০০০ | সার্ক কন্যা দশক | ২০০১-২০১০ | শিশুর অধিকার দশক |
| ২০০৬-২০১৫ | সার্ক দারিদ্র্য বিমোচন দশক | ২০১০-২০২০ | সার্ক কানেক্টিভিটি দশক |



## এক কথায় উত্তর

১. **সার্ক গঠিত হয় কত সালে?**
উত্তর: ১৯৮৫ সালে।

২. **সার্ক বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত?**
উত্তর: নয়াদিল্লি (ভারত)।

৩. **ঢাকায় কতবার সার্ক সম্মেলন অনুষ্ঠিত হয়?**
উত্তর: ৩ বার (প্রথম ১৯৮৫)।

৪. **সার্কভুক্ত কোন দেশটির আয়তন প্রায় বাংলাদেশের আয়তনের সমান?**
উত্তর: নেপাল।

৫. **সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র কোথায় অবস্থিত?**
উত্তর: ভারতের গুজরাটে।

৬. **সার্ক আবহাওয়া কেন্দ্র কোথায় অবস্থিত?**
উত্তর: ঢাকা (বাংলাদেশ)।

৭. **এ পর্যন্ত কতজন বাংলাদেশি সার্কের মহাসচিব নির্বাচিত হয়েছেন?**
উত্তর: ৩ জন।



## Teacher's Work

১. **সার্ক কোন সালে কোথায় প্রতিষ্ঠিত হয়?** [বা.প.উ.এ. (সহকারী পরিচালক) ২০২২]
ক ১৯৮৫ সালে ঢাকায় খ ১৯৮৩ সালে দিল্লীতে
গ ১৯৮৪ সালে কলম্বোতে ঘ ১৯৮৬ সালে মালেতে **ক**

২. **সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র কোথায় অবস্থিত?** [পো.জে.উ. (রাজশাহী) (উচ্চমান সহকারী)'২২]
ক নয়াদিল্লী খ কলম্বো
গ ঢাকা ঘ কাঠমুন্ডু
[বি.দ্র.: সঠিক উত্তর গুজরাট, ভারত।]

৩. **সার্কভুক্ত কোন দেশের শিক্ষার হার সবচেয়ে বেশি?** [পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক -১৮; বাংলাদেশ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মাঠ কর্মকর্তা -'১৭]
ক মালদ্বীপ খ ভুটান
গ নেপাল ঘ বাংলাদেশ **ক**

৪. **সার্কের সর্বশেষ সদস্য দেশ কোনটি?** [জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর এপ্রেইজার / প্রিভেন্টিভ অফিসার / গোয়েন্দা কর্মকর্তা : ১৮; ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ইউনিট খ) -'০৫-০৬]
ক বাংলাদেশ খ নেপাল
গ ভুটান ঘ আফগানিস্তান **ঘ**

# ASEAN

১. ASEAN হলো দক্ষিণ-পূর্ব এশিয়ার রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্থা।
২. ১৯৬৭ সালের ৮ আগস্ট দক্ষিণ-পূর্ব এশিয়ার ৫টি দেশ ব্যাংককে মিলিত হয়ে একটি যৌথ ঘোষণাপত্র প্রচার করে আঞ্চলিক সংগঠন গড়ে তোলে এবং সেটাই আসিয়ান নামে পরিচিত।
৩. আসিয়ান বা ASEAN-এর পুরো নাম Association of South-East Asian Nations.
৪. প্রতিষ্ঠা- ৮ আগস্ট, ১৯৬৭ সালে ব্যাংকক ঘোষণার মাধ্যমে প্রতিষ্ঠিত হয়।
৫. সদস্য দেশ- ১০টি।
৬. পূর্ব তিমুরকে ১১তম সদস্যপদ দিতে সম্মত হয়েছে সদস্য দেশগুলো।

**টেকনিক: MTV-তে FILM দেখলে BCS হবে না**

M = মালয়েশিয়া F = ফিলিপাইন B = ব্রুনাই
T = থাইল্যান্ড I = ইন্দোনেশিয়া C = কম্বোডিয়া
V = ভিয়েতনাম L = লাওস S = সিঙ্গাপুর
M = মিয়ানমার

১. প্রতিষ্ঠাতা সদস্য ⇨৫টি।
২. শেষ সদস্য ⇨কম্বোডিয়া।
৩. সদর দপ্তর ⇨জাকার্তা, ইন্দোনেশিয়া।
৪. মহাসচিব ⇨ ডা: কাও কিম হার্ন।
৫. শীর্ষ সম্মেলন ⇨৩ বছর পর পর সম্মেলন অনুষ্ঠিত হয়।
৬. ১ম সম্মেলন ⇨ ১৯৭৬ সালে ইন্দোনেশিয়ার বালিতে।
৭. ৪৩তম সম্মেলন ⇨ ৫-৭ সেপ্টেম্বর, ২০২৩ (জাকার্তা, ইন্দোনেশিয়া)।
৮. আসিয়ান ২০০৩ সালে AFTA বাণিজ্যিক চুক্তি স্বাক্ষর করে। এর লক্ষ্য হলো স্বল্প ট্যারিফে নিজেদের মধ্যে বাণিজ্য পরিচালনা।
৯. যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতির বৈশিষ্ট্য আসিয়ান জোটকে সমর্থন করা।
১০. ASEAN + 3 হলো ASEAN ভুক্ত দেশসহ চীন, জাপান ও দক্ষিণ কোরিয়াকে নিয়ে গঠিত ফোরাম।
১১. প্রতিযোগিতামূলক অর্থনীতির দিক দিয়ে আসিয়ান এর শীর্ষদেশ হলো সিঙ্গাপুর।
১২. পরিদর্শক দেশ– পূর্ব তিমুর ও পাপুয়া নিউগিনি।
১৩. আসিয়ান রিজিওনাল ফোরাম এর সদস্য সংখ্যা– ২৭টি।



## এক কথায় উত্তর

১. **'ASEAN' প্রতিষ্ঠিত হয় কত সালে?**
**উত্তর:** ১৯৬৭ সালে।

২. **'ASEAN' এর সদস্য সংখ্যা কতটি?**
**উত্তর:** ১০ টি।



## Teacher's Work

১. **নিচের কোন দেশটি ASEAN জোটভুক্ত নয়?** [৪৪তম বিসিএস]
(ক) লাওস (খ) হংকং
(গ) ভিয়েতনাম (ঘ) কম্বোডিয়া (খ)

২. **কোনটি ASEAN- ভুক্ত দেশ নয়?** [প.প.অ. (সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা) '২২]
(ক) ভিয়েতনাম (খ) ফিলিপাইন
(গ) থাইল্যান্ড (ঘ) শ্রীলংকা (ঘ)

৩. **কোন দেশটি ASEAN জোটভুক্ত নয়?** [বা.প.বি.বো. (জেনারেল ম্যানেজার (প্রশাসন/মানবসম্পদ) '২২]
(ক) জাপান (খ) ফিলিপাইন
(গ) মায়ানমার (ঘ) সিঙ্গাপুর (ক)

৪. **ASEAN Regional Forum এর সদস্য সংখ্যা কত?** [বা.প.বি.বো. (জেনারেল ম্যানেজার (প্রশাসন/মানবসম্পদ) '২২]
(ক) ২১ (খ) ২৪
(গ) ২৭ (ঘ) ২৮ (গ)

# ওআইসি (OIC)

OIC-এর বর্তমান পূর্ণরূপ (২৮ জুন ২০১১ থেকে) Organization of the Islamic Co-operation (প্রতিষ্ঠাকালীন পূর্ণরূপ Organization of the Islamic Countries) ২৫ সেপ্টেম্বর ১৯৬৯ মরক্কোর রাজধানী রাবাতে সংস্থাটি গঠিত হয়। ১৯৬৯ সালের ২১ আগস্ট জেরুজালেমে অবস্থিত মুসলমানদের প্রথম কেবলা পবিত্র মসজিদুল আল-আকসাতে ইসরায়েল কর্তৃক সংঘটিত অগ্নিকাণ্ডের পরিপ্রেক্ষিতে এ সংস্থাটির জন্ম। OIC-এর বর্তমান সদস্য সংখ্যা ৫৭। সর্বশেষ (১৪তম) সম্মেলন অনুষ্ঠিত হয় ৩১ মে ২০১৯ মক্কা, সৌদি আরব। সদর দপ্তর সৌদি আরবের জেদ্দায়। প্রথম মহাসচিব মালয়েশিয়ার প্রধানমন্ত্রী টেংকু আব্দুর রহমান। বর্তমান মহাসচিব ড. ইউসুফ হোসাইন ইব্রাহীম তাহা (চাঁদ)।

OIC-এর মূল লক্ষ্য মুসলিম দেশসমূহের মধ্যকার সমস্যা মোকাবেলা করাসহ মুসলিম ধর্মীয় স্থানসমূহ শত্রুমুক্ত ও নিরাপদ রাখা এবং মুসলিম ভ্রাতৃত্বকে জোরদার করা।

### ওআইসি বিশ্ববিদ্যালয়

ওআইসি কর্তৃক পরিচালিত ৩টি বিশ্ববিদ্যালয়।

১. ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি)-গাজীপুর, বাংলাদেশ।
২. ইসলামিক ইউনিভার্সিটি অব নাইজার- সেয়ে শহর, নাইজার।
৩. ইসলামিক ইউনিভার্সিটি অব উগান্ডা- মালে ডিস্ট্রিক্ট, উগান্ডা।



## গুরুত্বপূর্ণ তথ্য

১. প্রতিষ্ঠার সূত্রপাত-১৯৬৯ সালে (আল আকসা মসজিদে ইহুদিদের দ্বারা অগ্নিকাণ্ডের কারণে)।
২. OIC-এর পূর্বনাম: Organization of Islamic Conference/ Organization of Islamic Countries.
৩. বর্তমান নাম: Organization of Islamic Co-operation.
৪. আনুষ্ঠানিকভাবে OIC প্রতিষ্ঠা: ২৫ সেপ্টেম্বর ১৯৬৯।
৫. সদর দপ্তর- জেদ্দা, সৌদি আরব।
৬. বর্তমান মহাসচিব- হোসাইন ইব্রাহীম তাহা (শাদ, ১২তম)।
৭. OIC গঠিত হয়- ১৯৬৯ সালের ২২-২৫ সেপ্টেম্বর, রাবাত, মরক্কোতে। (প্রথম শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করে ২৫টি মুসলিম দেশ)।
৮. মোট সদস্য- ৫৭টি। (১৫ আগস্ট ২০১২ সিরিয়ার সদস্য পদ স্থগিত করা হয়)।
৯. অমুসলিম রাষ্ট্র হয়েও OIC-এর সদস্য-উগান্ডা, রুয়ান্ডা, ক্যামেরুন, বেনিন, সুরিনাম, গায়না ও মোজাম্বিক।
১০. সম্প্রতি অমুসলিম দেশ হিসেবে সদস্যপদ লাভের আবেদনকারী দেশ: রাশিয়া।
১১. প্রথম মহাসচিব-মালয়েশিয়ার টেংকু আবদুর রহমান (১৯৭১-৭৩)।
১২. OIC-এর পর্যবেক্ষক: ১২টি (বসনিয়া-১৯৯৪, মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র-১৯৯৬, থাইল্যান্ড-১৯৯৮, তুর্কি সাইপ্রাস-১৯৬৯, মরো ন্যাশনাল লিবারেল ফ্রন্ট-১৯৭৭, জাতিসংঘ-১৯৭৬, আরব লীগ-১৯৭৫, আফ্রিকান ইউনিয়ন-১৯৭৭, ইকো-১৯৯৫, ন্যাম-১৯৭৭ এবং রাশিয়া-জুন-২০০৫), Parliamentary Union of the OIC Member States-2000.
১৩. ১৪তম সম্মেলন অনুষ্ঠিত হয়- ৩১ মে ২০১৯ মক্কা, সৌদি আরব।
১৪. সর্বশেষ ১৫তম সম্মেলন অনুষ্ঠিত হয়- ২০২৩ সালে, গাম্বিয়ার বানজুলে।
১৫. বাংলাদেশ সদস্য পদ লাভ করে-২৩ ফেব্রুয়ারি ১৯৭৪ (৩২তম সদস্য, লাহোর সম্মেলনে)।
১৬. OIC-এর প্রতিষ্ঠাকালীন সদস্য ছিল: ২৫টি।
১৭. OIC-এর সর্বশেষ সদস্য দেশ: আইভোরিকোস্ট (২০০১)।
১৮. OIC-এর পর্যবেক্ষক সংগঠন: MNLF, আরব লীগ, জাতিসংঘ, জোট নিরপেক্ষ আন্দোলন, আফ্রিকান ইউনিয়ন, ECO।
১৯. OIC-এর পর্যবেক্ষক হতে আবেদনকারী সদস্য: ভারত, ফিলিপাইন।
২০. OIC-প্রথম এর শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়: ১৯৬৯ সালে।
২১. ওআইসির নতুন সনদ গৃহীত হয়: ১৪ মার্চ ২০০৮ সেনেগালের ডাকারে।
২২. OIC-এর মহাসচিবের মেয়াদকাল : ৫ বছর (আগে ৪ বছর ছিল)।

## এক কথায় উত্তর

১. **'OIC' কত সালে প্রতিষ্ঠা লাভ করে?**
উত্তর: ২৫ সেপ্টেম্বর, ১৯৬৯ সালে।

২. **'OIC' এর বর্তমান নাম কী?**
উত্তর: Organization of Islamic Co-operation.

## Teacher's Work

১. **OIC- এর কততম শীর্ষ সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান অংশগ্রহণ করেন?** [৪০তম বিসিএস]
ক ২য় শীর্ষ সম্মেলন　খ ৫ম শীর্ষ সম্মেলন
গ ৪র্থ শীর্ষ সম্মেলন　ঘ ৭ম শীর্ষ সম্মেলন　**ক**

২. **ইসলামি সহযোগিতা সংস্থা (ওআইসি)-এর দাপ্তরিক ভাষার সংখ্যা হচ্ছে?** [৩৮তম বিসিএস]
ক ৫　খ ৩
গ ৪　ঘ ২　**খ**

৩. **কোনটি OIC-'এর সংস্থা নয়?** [১৪তম বিসিএস]
ক সাধারণ সচিবালয়
খ আন্তর্জাতিক ইসলামি আদালত
গ ইসলামি উন্নয়ন ব্যাংক
ঘ ইসলামি বাণিজ্য উন্নয়ন কেন্দ্র　**ঘ**

৪. **OIC এর প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?** [প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় ধাপ): ২০২৪]
ক তেহরান　খ কায়রো
গ জেদ্দা　ঘ রিয়াদ　**গ**

## জোট নিরপেক্ষ আন্দোলন (NAM)

আন্তর্জাতিক রাজনীতিতে জোট নিরপেক্ষ বা নির্জোট আন্দোলন একটি তাৎপর্যপূর্ণ রাজনৈতিক আন্দোলন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের দুই মহাশক্তিধর রাষ্ট্র যথাক্রমে মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়নের অর্থনৈতিক ও সামরিক জোটের বাইরে তৃতীয় বিশ্বের সদ্য-স্বাধীন রাষ্ট্রসমূহের নেতৃত্বে জোট নিরপেক্ষ আন্দোলনের সূচনা হয়। জোট নিরপেক্ষ আন্দোলনের উদ্যোক্তা হলেন ভারতের জওহরলাল নেহেরু, যুগোস্লাভিয়ার যোসেফ মার্শাল টিটো, ইন্দোনেশিয়ার ড. আহমেদ সুকর্ণ, ঘানার কাওয়ামী নক্রুমা এবং মিসরের জামাল আবদেল নাসের। ন্যাম এর শীর্ষ সম্মেলন তিন বছর পরপর হয়। NAM-এর প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল যুগোস্লাভিয়ার রাজধানী বেলগ্রেডে ১৯৬১ সালে। এ সম্মেলনে ২৫টি রাষ্ট্র যোগ দেয়। এর প্রথম চেয়ারম্যান ছিলেন যোসেফ মার্শাল টিটো। বর্তমান চেয়ারম্যান উগান্ডার বর্তমান প্রেসিডেন্ট ওয়ারি মুসেভেনি। NAM-এর সদস্য সংখ্যা ১২০। সর্বশেষ সদস্য হল আজারবাইজান এবং ফিজি।

## গুরুত্বপূর্ণ তথ্য

১. NAM-এর পূর্ণরূপ: Non-Aligned Movement.
২. NAM প্রতিষ্ঠিত হয়: ১৯৬১ সালে (বেলগ্রেড সম্মেলনের মধ্য দিয়ে)।
৩. NAM-এর প্রতিষ্ঠাতা ব্যক্তিত্ব: যোসেফ মার্শাল টিটো (যুগোশ্লোভিয়া), জামাল আবদেল নাসের (মিসর), জওহরলাল নেহেরু (ভারত), ড. আহমেদ সুকর্ণ (ইন্দোনেশিয়া) ও ঘানার কাওয়ামী নক্রুমা।
৪. NAM-এর কার্যত কোন সদর দপ্তর নেই।
৫. NAM-এর প্রতিষ্ঠাকালীন সদস্য: ২৫টি।
৬. NAM-এর বর্তমান সদস্য সংখ্যা: ১২০টি।
৭. NAM-এর সর্বশেষ সদস্য: আজারবাইজান ও ফিজি (মে, ২০১১)।
৮. NAM-এর চেয়ারম্যান: উগান্ডার ওয়ারি মুসেভেনি।
৯. NAM গঠনের ফোরাম সৃষ্টি হয়: বান্দুং সম্মেলনে।
১০. বান্দুং সম্মেলনে গৃহীত নীতি: পঞ্চশীল নীতি।
১১. NAM-এর প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়: ১৯৬১ সালে বেলগ্রেডে।
১২. ১৯তম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়- ১৯-২০ জানুয়ারি, ২০২৪, উগান্ডার, কাম্পালাতে।
১৩. বাংলাদেশ NAM-এর সদস্য পদ লাভ করে: ১৯৭২ সালে।
১৪. NAM-এর বার্তা সংস্থার নাম: Nam News Network (NNN).

## এক কথায় উত্তর

১. **'NAM'এর সদর দপ্তর কোথায় অবস্থিত?**
**উত্তর:** সদর দপ্তর নেই।
২. **'NAM' কত সালে প্রতিষ্ঠিত হয়?**
**উত্তর:** ১৯৬১ সালে।
৩. **বাংলাদেশ 'NAM' এর সদস্যপদ লাভ করে কত সালে?**
**উত্তর:** ১৯৭২ সালে।

## Teacher's Work

১. **নিচের কোন সংস্থাটির স্থায়ী সদর দপ্তর নেই।** [৪০তম বিসিএস]
ক NATO খ NAM
গ EU ঘ ASEAN
খ

২. **NAM-এর বর্তমান সদস্যসংখ্যা কয়টি?** [৩৬তম বিসিএস]
ক ৩৩ খ ১১
গ ৭৭ ঘ ৭
[নোট: NAM-এর সদস্যসংখ্যা ১২০টি।]

৩. **Name of NAM News Agency-** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা -১৭/ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী '২৩; নির্বাচন কমিশন সচিবালয়ে উপজেলা/ থানা নির্বাচন অফিসার -১৮]
ক NNN খ NWN
গ MNW ঘ BMW
ক

## আরব লীগ (Arab League)

১. প্রতিষ্ঠা- ২২ মার্চ, ১৯৪৫ সালে
২. সদস্য- ২২টি। প্রতিষ্ঠাকালীন সদস্য-৬টি
৩. পর্যবেক্ষক দেশ: ৫টি (আর্মেনিয়া, ইরিত্রিয়া, ব্রাজিল, ভারত এবং ভেনেজুয়েলা)
৪. সর্বশেষ সদস্য- কমোরোস
৫. সদর দপ্তর- কায়রো, মিশর
৬. মহাসচিব- আহমেদ আবুল ঘেইত (মিশর) (৮ম)।
৭. সদস্য দেশ- আলজেরিয়া, ইরাক, ইয়েমেন, ওমান, কাতার, কমোরোস, কুয়েত, জর্ডান, জিবুতি, তিউনিশিয়া, ফিলিস্তিন, বাহরাইন, মিশর, মৌরিতানিয়া, মরক্কো, লেবানন, লিবিয়া, সৌদি আরব, সোমালিয়া, সুদান, সিরিয়া, সংযুক্ত আরব আমিরাত।
৮. সিরিয়া ১ যুগ পর আরবলীগে ফিরেছে– মে, ২০২৩।

## GCC

১. GCC পূর্ণরূপ- Gulf Cooperation Council.
২. প্রতিষ্ঠা- ২৫ মে, ১৯৮১ সালে আবুধাবি, সংযুক্ত আরব আমিরাত
৩. ধরন- পারস্য উপসাগরীয় রাজনৈতিক- অর্থনৈতিক জোট।
৪. সদস্য- ৬টি (সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার, কুয়েত বাহরাইন ও ওমান)
৫. সদর দপ্তর- রিয়াদ, সৌদি আরব
৬. মহাসচিব- জাসেম মোহাম্মেদ আল বুদাইয়ি।
৭. লক্ষ্য- সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে নিরাপত্তা ও সহযোগিতা বৃদ্ধি করা।
৮. GCC ২০২৩ সালে চালু করেছে– Unified Tourist Visa।

## এক কথায় উত্তর

১. **'আরব লীগ' এর প্রতিষ্ঠাকালীন সদস্য কতটি?**
**উত্তর:** ৬টি।
২. **'আরব লীগ' এর সদর দপ্তর কোথায়?**
**উত্তর:** কায়রো (মিশর)।
৩. **'GCC' এর সদর দপ্তর কোথায়?**
**উত্তর:** রিয়াদ, সৌদি আরব।

## Teacher's Work

১. **League of Arab States এর বর্তমান সদর দপ্তর কোথায় অবস্থিত?** [১৫তম বিসিএস; পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী '১৮]
ক তিউনিস খ কায়রো
গ রাবাত ঘ জেদ্দা **খ**

২. **When was the ARAB LEAGUE established?** [Dhaka Bank Ltd. Trainee Officer 2023]
ক 1946 খ 1945
গ 1954 ঘ 1965 **খ**

# বিমসটেক (BIMSTEC)

১. BIMSTEC এর পূর্ণরূপ- Bay of Bengal Initiative for Multi Sectoral Technical and Economic Co-operation.

২. ১৯৯৭ সালে বাংলাদেশ, ভারত, শ্রীলঙ্কা এবং থাইল্যান্ডকে নিয়ে গঠিত হয় Bangladesh-India-Sri LankaThailand Economic Co- operation (BISTEC).

৩. মিয়ানমার যুক্ত হওয়ার পর এর নাম হয় ⇨Bangladesh-India Myanmar-Sri-Lanka Thailand Economic Co-operation (BIMSTEC).

### বিমসটেকের সাতটি দেশে ভৌগোলিক অবস্থান




৪. নেপাল ও ভুটান যুক্ত হওয়ার পর ২০০৪ সালের ৩১ জুলাই থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে বিমসটেকের প্রথম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়।

৫. নতুন নামকরণ করা হয় Bay of Bengal Initiative for Multi Sectoral Technical and Economic Co-operation (BIMSTEC).

৬. সদর দপ্তর- ঢাকা, বাংলাদেশ।

৭. বর্তমান মহাসচিব- ইন্দ্র মনি পাণ্ডে (৩য়)।

৮. ৬ষ্ঠ সম্মেলন- ৩০ নভেম্বর, ২০২৩ (থাইল্যান্ড)।

৯. BIMSTEC-এর বাণিজ্য চুক্তির নাম- BIMSTEC Fre-Trade Area Framework Agreement (BFTAFA)

১০. অগ্রাধিকার খাত- ১৪টি।

১১. বাংলাদেশে দায়িত্বপ্রাপ্ত অগ্রাধিকার খাত- Trade and Investment, Climate Change।

## এক কথায় উত্তর

১. **'GCC' কত সালে প্রতিষ্ঠিত হয়?**
**উত্তর:** ২৫ মে ১৯৮১ সালে।

২. **'বিমসটেক' এর সদর দপ্তর কোথায় অবস্থিত?**
**উত্তর:** ঢাকা, বাংলাদেশ।

৩. **'বিমসটেক' কত সালে প্রতিষ্ঠা লাভ করে?**
**উত্তর:** ১৯৯৭ সালে।

## Teacher's Work

১. **নিচের কোন সংস্থাটির সচিবালয় বাংলাদেশে অবস্থিত?** [৪০তম বিসিএস]
ক BIMSTEC খ CICA
গ IORA ঘ SAARC **ক**

২. **BIMSTEC কী ধরনের সংগঠন?** [২২তম বিসিএস]
ক আর্থিক খ সামাজিক
গ অর্থনৈতিক ঘ প্রযুক্তিগত **গ**

৩. **বিমসটেকভুক্ত দেশের সংখ্যা কয়টি?** [সমাজসেবা অধিদপ্তর, ফিল্ড সুপারভাইজার ২০১৮]
ক ৫টি খ ৬টি
গ ৭টি ঘ ৮টি **গ**

# কমনওয়েলথ

সাবেক ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত স্বাধীন এবং আশ্রিত দেশসমূহ নিয়ে গঠিত সংগঠন হচ্ছে কমনওয়েলথ। প্রথম নাম ছিল ব্রিটিশ কমনওয়েলথ অব নেশনস। ১৯ নভেম্বর ১৯২৬ সালে ইম্পেরিয়াল সম্মেলনের মাধ্যমে যাত্রা শুরু। ১১ ডিসেম্বর ১৯৩১ সালে ব্রিটিশ পার্লামেন্ট কর্তৃক অনুমোদিত আইন 'স্ট্যাচু অব ওয়েস্ট মিনিস্টার' দ্বারা কমনওয়েলথ-এর স্বাতন্ত্র্য মর্যাদা লাভ করে কমনওয়েলথ অব নেশনস। আধুনিক কমনওয়েলথ প্রতিষ্ঠা লাভ করে ২৬ এপ্রিল ১৯৪৯ 'লন্ডন ঘোষণা' অনুযায়ী। তখন সংস্থাটি থেকে 'ব্রিটিশ' শব্দটি বাদ দিয়ে 'কমনওয়েলথ অব নেশনস' করা হয়। বর্তমান প্রধান রাজা ৩য় চার্লস। এর সচিবালয় মার্লবোরো হাউজ, লন্ডন। সচিবালয় প্রতিষ্ঠিত হয় ১৯৬৫ সালে। সংস্থাভুক্ত দেশসমূহের কূটনৈতিক কর্মকর্তাদের বলা হয় হাইকমিশনার। বর্তমান সদস্য ৫৬। বাংলাদেশ কমনওয়েলথের সদস্যপদ লাভ করে ৩২তম দেশ হিসেবে; ১৮ এপ্রিল ১৯৭২। ব্রিটিশ শাসন বহির্ভূত সদস্য দেশ মোজাম্বিক ও রুয়ান্ডা। কমনওয়েলথ দিবস মার্চ মাসের দ্বিতীয় সোমবার। ষষ্ঠ ও বর্তমান মহাসচিব প্যাট্রিসিয়া জ্যানেট স্কটল্যান্ড (ব্রিটিশ আইনজীবী); ১ এপ্রিল ২০১৬-বর্তমান।

## এক নজরে কমনওয়েলথ

| | | |
|---|---|---|
| **প্রতিষ্ঠা** | : | ২৬ এপ্রিল ১৯৪৯, লন্ডন ঘোষণার মাধ্যমে। |
| **সদর দপ্তর** | : | মার্লবোরো হাউস, লন্ডন, যুক্তরাজ্য। |
| **দাপ্তরিক ভাষা** | : | ইংরেজি। |
| **সংস্থার প্রধান** | : | রাজা ৩য় চার্লস। |
| **বর্তমান চেয়ারপার্সন** | : | পল কাগামে। |
| **মহাসচিব** | : | প্যাট্রিসিয়া জ্যানেট স্কটল্যান্ড (ব্রিটিশ আইনজীবী)। |
| **বর্তমান সদস্য** | : | ৫৬টি। |
| **সংগঠনের ধরন** | : | রাজনৈতিক (Political Union) |
| **সর্বশেষ সদস্যরাষ্ট্র** | : | গ্যাবন ও টোগো (২০২২)। |

## গুরুত্বপূর্ণ তথ্য

১. কমনওয়েলথ হচ্ছে: ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রসমূহের সংগঠন।
২. কমনওয়েলথ-এর যাত্রাকাল: ১৯২৬ সালে (ইম্পেরিয়াল সম্মেলন)।
৩. কমনওয়েলথ আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত হয়: ২৬ এপ্রিল ১৯৪৯ সালে।
৪. কমনওয়েলথ-এর আদি নাম: ব্রিটিশ কমনওয়েলথ অব নেশনস।
৫. যে আন্তর্জাতিক সংগঠনের কোনো লিখিত সংবিধান নেই: কমনওয়েলথ।
৬. কমনওয়েলথ-এর সদস্য সংখ্যা: ৫৬টি।
৭. সম্প্রতি যে দেশ কমনওয়েলথ ত্যাগ করে: মালদ্বীপ (১৩ অক্টোবর ২০১৬), জিম্বাবুয়ে (৭ ডিসেম্বর, ২০০৩) গাম্বিয়া (২০১৩)।
৮. কমনওয়েলথ-এর সর্বশেষ সদস্য: গ্যাবন ও টোগো।
৯. কমনওয়েলথ-এ প্রধান: রাজা ৩য় চার্লস।
১০. কমনওয়েলথ-এর বর্তমান মহাসচিব: প্যাট্রিসিয়া স্কটল্যান্ড, ইংল্যান্ড।
১১. কমনওয়েলথভুক্ত দেশসমূহের ডিপ্লোমেটিক কর্মকর্তাকে বলে: হাইকমিশনার।
১২. ব্রিটিশ উপনিবেশ না হয়েও কমনওয়েলথ-এর সদস্য: মোজাম্বিক ও রুয়ান্ডা।
১৩. CHOGM-এর পূর্ণরূপ: Commonwealth Heads of Government Meeting
১৪. CMAG-এর পূর্ণরূপ: Commonwealth Ministerial Action Group; প্রতিষ্ঠা ১৯৯৫ সালে।
১৫. ব্রিটিশ উপনিবেশ হয়েও কমনওয়েলথ-এর সদস্য হয়নি: বাহরাইন, কুয়েত, মিসর, জর্ডান, কাতার, সংযুক্ত আরব আমিরাত, ইয়েমেন, ইরাক, সুদান, মায়ানমার ও মার্কিন যুক্তরাষ্ট্র।

## এক কথায় উত্তর

১. **'কমনওয়েলথ' এর সদর দপ্তর কোথায়?**
**উত্তর:** 'মার্লবোরো হাউস' (যুক্তরাজ্য)

২. **'কমনওয়েলথ' এর বর্তমান সদস্য কতটি?**
**উত্তর:** ৫৬ টি।

৩. **ব্রিটিশ উপনিবেশ না হয়েও 'কমনওয়েলথ' এর সদস্য রাষ্ট্র কোন দুটি?**
**উত্তর:** মোজাম্বিক ও রুয়ান্ডা।

৪. **'কমনওয়েলথ' কত সালে প্রতিষ্ঠিত হয়?**
**উত্তর:** ১৯৪৯ সালে।

## Teacher's Work

১. **কমনওয়েলথ-এর সচিবালয় কোথায় অবস্থিত?** [২২তম বিসিএস]
ক ইডেন হাউস  খ মার্লবোরো হাউস
গ চামেলী হাউস  ঘ হোয়াইট হল  **খ**

২. **দক্ষিণ এশিয়ার কোন দেশকে কমনওয়েলথ থেকে বহিষ্কার করা হয়েছিল?** [২১তম বিসিএস, সহকারী পরিচালক (সঞ্চয় পরিদপ্তর) -'১৭]
ক নাইজেরিয়া  খ পাকিস্তান
গ জিম্বাবুয়ে  ঘ ভারত  **খ**

৩. **কমনওয়েলথভুক্ত কোন দেশ আয়তনে সবচেয়ে বড়–** [বাংলাদেশ সরকারি কর্মকমিশন (BPSC), স্টাফ অফিসার-'২৩]
ক অস্ট্রেলিয়া  খ ভারত
গ কানাডা  ঘ দক্ষিণ আফ্রিকা  **গ**

৪. **কমনওয়েলথ-এর বর্তমান সদস্য সংখ্যা কত?** [১৭তম বিসিএস; থানা সহকারী শিক্ষা অফিসার-'০৫]
ক ৫৪  খ ৫২
গ ৫৫  ঘ ৫৬  **ঘ**

# অন্যান্য সংস্থা

## BENELUX

১. BENELUX এর পূর্ণরূপ− Belgium, Netherlands and Luxemburg.
২. বেনেলাক্স কাস্টমস ইউনিয়ন চুক্তি স্বাক্ষরিত হয়− ৫ সেপ্টেম্বর, ১৯৪৪ সালে।
৩. চুক্তি কার্যকর হয়− ১ জানুয়ারি, ১৯৪৮ সালে।
৪. বেনেলাক্স-এর সদর দপ্তর অবস্থিত− ব্রাসেলস, বেলজিয়াম।
৫. বেনেলাক্স-এর সদস্য− ৩টি; যথা− বেলজিয়াম, নেদারল্যান্ডস ও লুক্সেমবার্গ।

## ECO

১. ECO-এর পূর্ণরূপ হলো− Economic Co-operation Organization.
২. ECO প্রতিষ্ঠিত হয় -১৯৮৫ সালে (তেহরান)।
৩. ECO এর সদর দপ্তর অবস্থিত-তেহরান, ইরান।
৪. ECO এর সদস্য দেশ-১০টি। যথা- ইরান, তুরস্ক, পাকিস্তান, আফগানিস্তান, কাজাখস্তান, উজবেকিস্তান, তুর্কেমেনিস্তান, তাজিকিস্তান, কিরঘিজস্তান এবং আজারবাইজান।
৫. ECO এর কার্যক্রম হলো-ব্যবসা ও বিনিয়োগ, পরিবহন ও টেলিযোগাযোগ, শক্তি, খনিজ ও পরিবেশ।
৬. ECO এর বর্তমান মহাসচিব− হাদি সোলায়মানপুত্তর, ইরান (আগস্ট, ২০১৮-বর্তমান)।

## সাংহাই সহযোগিতা সংস্থা (SCO)

১. SCO এর পূর্ণরূপ হলো− Shanghai Co-operation Organization.
২. SCO প্রতিষ্ঠিত হয়− ১৫ জুন, ২০০১ সালে।
৩. সদর দপ্তর অবস্থিত-বেইজিং, চীন।
৪. SCO-এর সদস্য দেশ− ৯টি; যথা: চীন, রাশিয়া, কাজাখস্তান, কিরঘিজিস্তান, তাজিকিস্তান, উজবেকিস্তান, ভারত, পাকিস্তান এবং ইরান। ৯ম সদস্য দেশ− ইরান।
৫. SCO-এর পর্যবেক্ষক রাষ্ট্র− ৬টি।
৬. সর্বশেষ সম্মেলন অনুষ্ঠিত হয়− ২০২৩ সালে ভারতে।

## এশীয় সহযোগিতা সংলাপ (ACD)

১. ACD-এর পূর্ণরূপ− Asian Co-operative Dialogue।
২. প্রতিষ্ঠাকাল− ১৮ জুন, ২০০২।
৩. এর সদস্যসংখ্যা− ৩৪টি।
৪. এর সর্বশেষ সদস্য− নেপাল (১০ মার্চ, ২০১৬)।

## কমেকন (Comecon)

১. Comecon-এর পূর্ণরূপ হলো− Council for Mutual Economic Assistance (পারস্পরিক অর্থনৈতিক সাহায্য পরিষদ)।
২. Comecon প্রতিষ্ঠিত হয়− পূর্ব ইউরোপীয় দেশগুলোতে সোভিয়েত আর্থিক সাহায্য প্রদানের উদ্দেশ্যে।
৩. Comecon প্রতিষ্ঠিত হয়− দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ১৯৪৯ সালের জানুয়ারি মাসে কমিউনিজমের বিস্তার রোধকল্পে গৃহীত হয় মার্শাল প্ল্যান এর প্রতিপক্ষ হিসেবে।
৪. মার্শাল প্ল্যান ঘোষণা করেন- তদানীন্তন আমেরিকার পররাষ্ট্র সচিব জর্জ মার্শাল।
৫. Comecon টিকে ছিল− ১৯৪৯ থেকে ১৯৯০ সাল পর্যন্ত।
৬. সদস্য রাষ্ট্র- পোল্যান্ড, চেকোস্লোভাকিয়া, হাঙ্গেরি, রুমানিয়া ও বুলগেরিয়া সোভিয়েত ইউনিয়ন, পূর্ব জার্মানি, আলবেনিয়া, উত্তর কোরিয়া ও তদানীন্তন উত্তর ভিয়েতনাম।

## Teacher's Work

১. **বেনেলাক্স কত সালে গঠিত হয়?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা- ১৭]
ⓚ ১৯৪৮ ⓛ ১৯৫০
ⓜ ১৯৫১ ⓝ ১৯৫২ — ক

২. **সাংহাই সহযোগিতা সংস্থা (SCO)সদর দপ্তর কোথায়?** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক: ১৭; কারা তত্ত্বাবধায়ক : ০৬; পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক- '১৭]
ⓚ ওয়াশিংটন ⓛ বেইজিং
ⓜ মস্কো ⓝ প্যারিস — খ

৩. **ECO কয়টি দেশ নিয়ে গঠিত?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ২০১৭]
ⓚ ১০ ⓛ ১২
ⓜ ১৪ ⓝ ১৫ — ক

৪. **'ECO' এর সদর দপ্তর কোথায়?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক- ২০১৭]
ⓚ তেহরান ⓛ প্যারিস
ⓜ ব্রাসেলস ⓝ হেগ — ক

## Unique Question for Student Practice

১. SAARC কোন সালে কোথায় প্রতিষ্ঠিত হয়?
ⓚ ১৯৮৫ সালে, ঢাকায় ⓚ ১৯৮৩ সালে, দিল্লীতে
ⓖ ১৯৮৪ সালে, কলম্বোতে ⓖ ১৯৮৬ সালে, মালেতে — ক

২. সার্কের প্রবর্তক কোন দেশ?
ক) ভারত খ) নেপাল
গ) শ্রীলঙ্কা ঘ) বাংলাদেশ — ঘ

৩. এ পর্যন্ত ঢাকায় কতবার সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়?
ক) এক খ) দুই
গ) তিন ঘ) চার — গ

৪. সার্কভুক্ত দেশগুলোর মধ্যে আয়তনে ক্ষুদ্র দেশ-
ক) নেপাল খ) ভুটান
গ) শ্রীলংকা ঘ) মালদ্বীপ — ঘ

৫. ASEAN কোন অঞ্চলের সংস্থা?
ক) পূর্ব এশিয়া খ) দক্ষিণ পূর্ব এশিয়া
গ) আফ্রিকা ঘ) পশ্চিম এশিয়া — খ

৬. দক্ষিণ পূর্ব-এশিয়ার আঞ্চলিক সহযোগিতামূলক সংস্থাটির নাম কী?
ক) ASEAN খ) OIC
গ) SAARC ঘ) EU — ক

৭. ASEAN এর পূর্ণ অভিব্যক্তি কী?
ক) Agreement of Southestern Asian Nation
খ) Association for Southeastern Asian Nations
গ) Association of Southeast Asian Nations
ঘ) Association for Southern Asian Nations — গ

৮. ASEAN গঠিত হয়?
ক) ১৯৬৩ খ) ১৯৬৫
গ) ১৯৬৭ ঘ) ১৯৬৯ — গ

৯. আসিয়ান সদস্য রাষ্ট্র নয়?
ক) মালয়েশিয়া খ) শ্রীলংকা
গ) ব্রুনাই ঘ) থাইল্যান্ড — খ

১০. সার্ক বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত?
ক) ইসলামাবাদ খ) ঢাকা
গ) কাঠমান্ডু ঘ) নয়াদিল্লি — ঘ

১১. সার্কের সর্বশেষ সদস্য রাষ্ট্র কোনটি?
ক) ভুটান খ) শ্রীলঙ্কা
গ) আফগানিস্তান ঘ) মালদ্বীপ — গ

১২. শতকরা হিসেবে সার্কভুক্ত কোন দেশে বনভূমির পরিমাণ সবচেয়ে বেশি?
ক) শ্রীলঙ্কা খ) ভুটান
গ) নেপাল ঘ) ভারত — খ

১৩. সার্ক এর সদস্য সংখ্যা-
ক) ৭ খ) ৮
গ) ৯ ঘ) ১০ — খ

১৪. কোন দেশটি BIMSTEC-এর সদস্য নয়?
ক) বাংলাদেশ খ) পাকিস্তান
গ) ভারত ঘ) থাইল্যান্ড — খ

১৫. সার্ক সচিবালয় কোথায় অবস্থিত?
ক) নেপাল খ) শ্রীলঙ্কা
গ) ভারত ঘ) মালদ্বীপ — ক

১৬. সার্ক আবহাওয়া গবেষণা কেন্দ্র কোথায় অবস্থিত?
ক) ঢাকা খ) কলম্বো
গ) নয়াদিল্লি ঘ) কাঠমান্ডু — ক

১৭. BIMSTEC কোন ধরনের সংগঠন?
ক) রাজনৈতিক খ) সামাজিক
গ) অর্থনৈতিক ঘ) বাণিজ্যিক — গ

১৮. SAARC এর প্রথম সেক্রেটারি জেনারেল ছিলেন-
ক) আবুল আহসান খ) আবদুর রব
গ) এরশাদ ঘ) নাইমুদ্দীন — ক

১৯. SAARC-এর সকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়–
ক) ৫ জন সদস্যের Affirmative vote অনুযায়ী
খ) Unanimous Vote অনুযায়ী
গ) ৬ জন সদস্যের Affirmative vote অনুযায়ী
ঘ) উপরিউক্ত কোনোটিই নয় — খ

২০. কোন দেশ BIMSTEC-এর সদস্য নয়?
ক) মালদ্বীপ খ) শ্রীলঙ্কা
গ) নেপাল ঘ) ভুটান — ক

২১. SAARC- এর প্রথম শীর্ষ বৈঠক কত সালে অনুষ্ঠিত হয়?
ক) ১৯৮৪ খ) ১৯৮৭
গ) ১৯৮৫ ঘ) ১৯৮৬ — গ

২২. প্রতিযোগিতামূলক অর্থনীতির দিক দিয়ে আসিয়ান- এ শীর্ষ স্থান কোন দেশটির?
ক) মালয়েশিয়া খ) থাইল্যান্ড
গ) সিঙ্গাপুর ঘ) ফিলিপাইন — গ

২৩. কত সালে দক্ষিণ এশিয়ায় দারিদ্র্য দূরীকরণের জন্য একটি সার্ক কমিশন গঠন করা হয়েছিল?
ক) ১৯৯০ খ) ১৯৯১
গ) ১৯৯৩ ঘ) ১৯৯৪ — খ

২৪. প্রথম সার্ক সম্মেলন কোন দেশ ও নগরীতে অনুষ্ঠিত হয়?
ক) বাংলাদেশ, ঢাকা খ) নেপাল, কাঠমান্ডু
গ) ভারত, ব্যাঙ্গালুর ঘ) পাকিস্তান, করাচি — ক

২৫. আসিয়ান (ASEAN) দেশগুলোর মধ্যে বাণিজ্যের পরিমাণ শতকরা-
ক) ৫০ খ) ৩৫
গ) ৪৫ ঘ) ৪০ — গ

২৯. **কমনওয়েলথ কত সালে প্রতিষ্ঠিত হয়?** [ঢাবি গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ২০১৭-২০১৮]
ⓐ ১৯৪৬ ⓑ ১৯৪৮
ⓒ ১৯৪৯ ⓓ ১৯৬৫ ⓒ

৩০. **কমনওয়েলথের সর্বশেষ সদস্য দেশ কোনটি?** [উপজেলা সমাজসেবা অফিসার (সমাজকল্যাণ মন্ত্রণালয়) -১৬]
ⓐ সিয়েরালিওন ⓑ ব্রুনেই
ⓒ টোগো ⓓ বাহামা ⓒ

৩১. **বাংলাদেশ কমনওয়েলথের কততম সদস্য?** [উপজেলা সমাজসেবা অফিসার (সমাজকল্যাণ মন্ত্রণালয়) -১৮]
ⓐ ৩০তম ⓑ ৩২তম
ⓒ ৩৪তম ⓓ ৩৬তম ⓑ

৩২. **কমনওয়েলথভুক্ত কোন রাষ্ট্র বৃটিশ শাসনের অধীনে ছিল না?** [রেলপথ মন্ত্রণালয় অধীন উপ সহকারী প্রকৌশলী - '১৭; সহকারী আবহাওয়াবিদ - ১৭]
ⓐ মোজাম্বিক ⓑ দক্ষিণ আফ্রিকা
ⓒ ভারত ⓓ অস্ট্রেলিয়া ⓐ

৩৩. **কে জোট নিরপেক্ষ আন্দোলনের সাথে যুক্ত নয়?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) ২০১৭]
ⓐ জওহরলাল নেহেরু ⓑ মার্শাল টিটো
ⓒ সুকর্ণ ⓓ আনোয়ার সাদত ⓓ

৩৪. **মার্শাল টিটো কোন দেশের প্রেসিডেন্ট?** [ইসলামী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (খ ইউনিট) : ০৭-০৮]
ⓐ বুলগেরিয়া ⓑ তুরস্ক
ⓒ আলজেরিয়া ⓓ যুগোশ্লাভিয়া ⓓ

৩৫. **ইসলামী সহযোগিতা সংস্থার দাপ্তরিক ভাষার সংখ্যা?** [ঢাবি খ ইউনিট: ২০১৭-১৮]
ⓐ ১টি ⓑ ২টি
ⓒ ৩ টি ⓓ ৪টি ⓒ

৩৬. **OIC-এর প্রথম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় কোন দেশে?** [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা: ২০১৭]
ⓐ মরক্কো ⓑ পাকিস্তান
ⓒ সৌদি আরব ⓓ ইরান ⓐ

৩৭. **সার্কভুক্ত দেশগুলো বাণিজ্য ঘাটতি, উৎপাদিত পণ্য রপ্তানির ক্ষেত্রে বৈষম্য নিরসন ও শুল্ক সুবিধার জন্য যে চুক্তিতে একমত হয়েছে তার নাম কী?**
ⓐ South Asian Products Trading Agreement (SAPTA)
ⓑ South Asian Producer Traffic Agreement (SAPTA)
ⓒ South Asian Preferential Trade Agreement (SAPTA)
ⓓ SAARC Preferential Trading Arrangement ⓓ

## Home Work

১. **সার্কের সদর দপ্তর কোথায়?** [৩৮তম বিসিএস]
ⓐ ঢাকা ⓑ নয়াদিল্লি
ⓒ কলম্বো ⓓ কাঠমান্ডু ⓓ

২. **ষোড়শ সার্ক সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?** [৩০তম বিসিএস]
ⓐ ঢাকা ⓑকাঠমান্ডু
ⓒ থিম্পু ⓓ মালে ⓒ

[নোট: ১৯তম সম্মেলন পাকিস্তানে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল কিন্তু সদস্য দেশগুলোর আপত্তির কারণে দেশটিতে সম্মেলন হয়নি। ২০তম সম্মেলন শ্রীলঙ্কায় অনুষ্ঠিত হবে।]

৩. **SAPTA অর্থ কী?** [২৪তম বিসিএস বাতিলকৃত]
ⓐ SAARC Preferential Trading Arrangement
ⓑ SAARC Preferential Tariff Agreement
ⓒ South Asian Preferential Trading Arrangement
ⓓ South Asian Preferential Tariff Agreement ⓐ

৪. **দক্ষিণ এশীয় রাষ্ট্রগুলো কবে সাপটা (SAPTA) চুক্তি সই করেছে?** [২১তম বিসিএস]
ⓐ ১৯৭৬ ⓑ ১৯৮৫
ⓒ ১৯৯৩ ⓓ ১৯৯৪ ⓒ

৫. **কোনটি দক্ষিণ এশিয়ার রাজনৈতিক ক্ষেত্রে সবচেয়ে কম সংশ্লিষ্ট বিষয়?** [১৪তম বিসিএস]
ⓐ ধর্ম ⓑ জাতি
ⓒ সংস্কৃতি ⓓ ভাষা ⓒ

৬. **এশিয়ায় যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতির মূল ভিত্তি কী?** [১৪তম বিসিএস]
ⓐ জাপানকে সাহায্য করা ⓑ আসিয়ান জোটকে সমর্থন করা
ⓒ ভিয়েতনামকে দমন করা ⓓ দক্ষিণ কোরিয়াকে রক্ষা করা ⓑ

৭. **কোন দেশটি আসিয়ান (ASEAN) জোটভুক্ত নয়?** [১৩তম বিসিএস]
ⓐ সিঙ্গাপুর ⓑ মালয়েশিয়া
ⓒ থাইল্যান্ড ⓓ দক্ষিণ কোরিয়া ⓓ

৮. **নিচের কোন কমনওয়েলথ রাষ্ট্রটি ব্রিটিশ শাসনের অধীনস্ত ছিল না?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর উপসহকারী প্রকৌশলী মেকানিকাল-২০২৩]
ⓐ দক্ষিণ আফ্রিকা ⓑ মালয়েশিয়া
ⓒ অস্টেলিয়া ⓓ মোজাম্বিক ⓓ

৯. **একমাত্র কোন দেশ একই সাথে ওপেক এবং কমনওয়েলথ-এর অন্তর্ভুক্ত?** [ঢাবি খ ইউনিট ২০১৭-১৮]
ⓐ নরওয়ে ⓑ নাইজেরিয়া
ⓒ ওমান ⓓ সৌদি আরব ⓑ

১০. **বাংলাদেশ কমনওয়েলথ-এর সদস্যপদ কবে লাভ করে?** [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক- '২৩]
ⓐ ১৪ এপ্রিল, ১৯৭২ ⓑ ১৮ এপ্রিল, ১৯৭২
ⓒ ২ ফেব্রুয়ারি, ১৯৭৩ ⓓ ৬ আগস্ট, ১৯৭৩ ⓑ

১১. **কমনওয়েলথভুক্ত দেশসমূহের ডিপ্লোমেটিক কর্মকর্তাকে কী বলা হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা- '২৩]
ⓐ রাষ্ট্রদূত ⓑ ফার্স্ট সেক্রেটারি
ⓒ এম্বাসেডর ⓓ হাইকমিশনার ⓓ

১২. **নিচের কোন সংস্থাটির স্থায়ী সদর দপ্তর নেই।** [৪০তম বিসিএস]
ক NATO খ NAM
গ EU ঘ ASEAN — খ

১৩. **জোট নিরপেক্ষ আন্দোলনের প্রথম শীর্ষ সম্মেলন কোথায়, কবে অনুষ্ঠিত হয়?** [২৫তম বিসিএস/১৭ তম বিসিএস]
ক হারারে, ১৯৮৯ খ বেলগ্রেড, ১৯৬১
গ হাভানা, ১৯৭৩ ঘ কায়রো, ১৯৭০ — খ

১৪. **'বান্দুং' শহরটি কোন দেশে অবস্থিত?** [২৫তম বিসিএস/ ২৩তম বিসিএস]
ক চীন খ ইন্দোনেশিয়া
গ যুগোস্লাভিয়া ঘ মালয়েশিয়া — খ

১৫. **বাংলাদেশ কত সালে ইসলামি সম্মেলন সংস্থার সদস্যপদ লাভ করে?** [২৭তম, ২২তম বিসিএস]
ক ১৯৭২ সালে খ ১৯৭৩ সালে
গ ১৯৭৪ সালে ঘ ১৯৭৫ সালে — গ

১৬. **ইসলামি সম্মেলন সংস্থা (OIC)'র প্রধান কার্যালয় (Head Quarters) বা সচিবালয় কোথায়?** [২২তম বিসিএস/১০ বিসিএস/ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের অধীন ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের উপসহকারী পরিচালক (ড্রিল প্রকৌশলী)- ২০২৩; প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (তলগা): ১৭]
ক তেহরান খ জেদ্দা
গ কায়রো ঘ রিয়াদ — খ

১৭. **ওআইসি এর সদস্য কিন্তু জাতিসংঘের নয় কোন দেশ?** [সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ সহকারী প্রকৌশলী –২০১৯]
ক আফগানিস্তান খ ইরাক
গ সিরিয়া ঘ প্যালেস্টাইন — ঘ

১৮. **মুসলমান প্রধান না হয়েও কোন দেশটি ইসলামি সম্মেলন সংস্থার সদস্য?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের সহকারী প্রশাসনিক কর্মকর্তা-২২]
ক নাইজেরিয়া খ লেবানন
গ উগান্ডা ঘ মরক্কো — গ

১৯. **সার্ক কোন সালে কোথায় প্রতিষ্ঠিত হয়?** [বা.প.উ.এ. (সহকারী পরিচালক)'২২]
ক ১৯৮৫ সালে ঢাকায় খ ১৯৮৩ সালে দিল্লীতে
গ ১৯৮৪ সালে কলম্বোতে ঘ ১৯৮৬ সালে মালেতে — ক

২০. **কোন দেশটি সার্কের সদস্য রাষ্ট্র নয়?** [কা.শি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২৩]
ক নেপাল খ ভুটান
গ শ্রীলংকা ঘ মিয়ানমার — ঘ

২১. **সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র কোথায় অবস্থিত?** [পো.জে.উ. (রাজশাহী) (উচ্চমান সহকারী)'২২]
ক নয়াদিল্লী খ কলম্বো
গ ঢাকা ঘ কাঠমুন্ডু
[**বি.দ্র.**: সঠিক উত্তর গুজরাট ।]

২২. **সার্কের কোন সদস্য দেশের জনসংখ্যার ঘনত্ব সবচেয়ে বেশি?** [পিএসসি (সিনিয়র স্টাফ নার্স)'২৩]
ক বাংলাদেশ খ ভারত
গ পাকিস্তান ঘ মালদ্বীপ — ক

২৩. **নিম্নের কোনটি জাতিসংঘের সংস্থা নয়?** [৪৩তম বিসিএস]
ক আসিয়ান আঞ্চলিক ফোরাম (ARF)
খ আঞ্চলিক শ্রম সংস্থা (ILO)
গ আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD)
ঘ খাদ্য ও কৃষি সংস্থা (FAO) — ক

২৪. **সার্কভূক্ত দেশগুলোর মধ্যে সাক্ষরতার হারে শীর্ষ দেশ কোনটি?** [খাদ্য অধিদপ্তরের উপ- খাদ্য পরিদর্শক-১৯.১১.২১]
ক মালদ্বীপ খ মালয়েশিয়া
গ নেপাল ঘ শ্রীলংকা — ক

২৫. **নিচের কোনটি সার্কভুক্ত দেশ নয়?** [কৃষি অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা- ২০১৬]
ক শ্রীলঙ্কা খ আফগানিস্তান
গ মায়ানমার ঘ মালদ্বীপ — গ

২৬. **আসিয়ান রিজিওন্যাল ফোরাম (ARF) এর সদস্যসংখ্যা কত?** [২৭তম বিসিএস; নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার-১৮]
ক ২১ খ ২২
গ ২৩ ঘ ২৭ — ঘ

২৭. **The secretariat of BIMSTEC is located in-** [বাংলাদেশ ব্যাংক (BB), অফিস (ক্যাশ)-'২৩]
ক Dhaka খ New Delhi
গ Bangkok ঘ Kathmandu — ক

২৮. **'BIMSTEC' এর সদস্যসংখ্যা কত?** [চীফ ইন্সট্রাক্টর (ননটেক)-২০১৭]
ক ৪ খ ৫
গ ৬ ঘ ৭ — উ: ঘ

২৯. **BIMSTEC এর সর্বশেষ অধিবেশন অনুষ্ঠিত হয়–** [বাংলাদেশ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মাঠ কর্মকর্তা- '২৪]
ক আইল্যান্ডে খ ইসলামাবাদে
গ নাইপিদোতে ঘ ইয়াঙ্গুনে — ক

৩০. **কোনটি BENELUX -এর সদস্য?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর-২৩]
ক বেলজিয়াম খ বেলগ্রেড
গ বেলারুশ ঘ বেঙ্গালোর — ক

৩১. **ASEAN ভুক্ত দেশ নয় কোনটি?** [TGTDCL, সহকারী ব্যবস্থাপক (হিসাব)'১৮]
ক লাওস খ মায়ানমার
গ ব্রুনাই ঘ হংকং — ঘ

৩২. **সার্ক এর অন্তর্ভুক্ত সর্বশেষ রাষ্ট্র কোনটি?**
[নন ক্যাডার, প্রশাসনিক কর্মকর্তা (মুক্তিযোদ্ধা কোটা)'১৮]
ক মালদ্বীপ খ শ্রীলঙ্কা
গ নেপাল ঘ আফগানিস্তান — ঘ

৩৩. **BIMSTEC কোন ধরনের প্রতিষ্ঠান?** [BCSIC, এক্সটেনসন অফিসার১৮]
ক Financial খ Social
গ Economic ঘ Technological — গ

৩৪. **কোন দেশ SAGQ এর সাথে যুক্ত নয়?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) ২০১৭]
ক শ্রীলংকা খ ভারত
গ ভুটান ঘ নেপাল — ক

৩৫. **SAARC এর পূর্ণরূপ কী?** [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ও জনস্বাস্থ্য অধিদপ্তরের। ড্রাফম্যান ২০১৭; বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭]
ক South Asian Association for Regional Co-operation
খ Special Asian Association for Relational Culture
গ South Asian Affairs for Regional Committee
ঘ South Asian Association for Rugby & Cricket — ক



# Class  Test

১. সার্কের প্রবর্তক কোন দেশ?
ক ভারত | খ নেপাল
গ শ্রীলঙ্কা | ঘ বাংলাদেশ

২. সার্ক বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত?
ক ইসলামাবাদ | খ ঢাকা
গ কাঠমান্ডু | ঘ, নয়াদিল্লি

৩. BIMSTEC কোন ধরনের সংগঠন?
ক রাজনৈতিক | খ সামাজিক
গ অর্থনৈতিক | ঘ বাণিজ্যিক

৪. কমনওয়েলথের সর্বশেষ সদস্য দেশ কোনটি?
ক সিয়েরালিওন | খ ব্রুনেই
গ গ্যাবন | ঘ বাহামা

৫. OIC-এর প্রথম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় কোন দেশে?
ক মরক্কো | খ পাকিস্তান
গ সৌদি আরব | ঘ ইরান

৬. সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র কোথায় অবস্থিত?
ক নয়াদিল্লী | খ কলম্বো
গ ঢাকা | ঘ গুজরাট

৭. আসিয়ান রিজিওন্যাল ফোরাম (ARF) এর সদস্য সংখ্যা কত?
ক ২১ | খ ২২
গ ২৩ | ঘ ২৭

৮. কোনটি BENELUX -এর সদস্য?
ক বেলজিয়াম | খ বেলগ্রেড
গ বেলারুশ | ঘ বেঙ্গালোর

৯. এশিয়ায় যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতির মূল ভিত্তি কী?
ক জাপানকে সাহায্য করা
খ আসিয়ান জোটকে সমর্থন করা
গ ভিয়েতনামকে দমন করা
ঘ দক্ষিণ কোরিয়াকে রক্ষা করা

১০. মুসলিম প্রধান না হয়েও কোন দেশটি ইসলামি সম্মেলন সংস্থার সদস্য?
ক নাইজেরিয়া | খ লেবানন
গ উগান্ডা | ঘ মরক্কো

**উত্তরমালা**

| | |
|---|---|
| ১ | ঘ |
| ২ | ঘ |
| ৩ | গ |
| ৪ | গ |
| ৫ | ক |
| ৬ | ঘ |
| ৭ | ঘ |
| ৮ | ক |
| ৯ | খ |
| ১০ | গ |

এই Lecture Sheet পড়ার পাশাপাশি কর্তৃপক্ষ কর্তৃক দেয়া এসাইনমেন্ট এর কম্পিউটার ও তথ্য প্রযুক্তি অংশটুকু ভালোভাবে চর্চা করতে হবে।

